

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
শৃঙ্খলা বিষয়ক শাখা
www.shed.gov.bd

স্মারক নং-৩৭.০০.০০০০.০৯৫.২৭.৬৬.২০২৩. ৫৫৭


তারিখ: ০৭ মার্চ ১৪৩০ বঙ্গাব্দ
২৫ ফেব্রুয়ারি ২০২৩ খ্রিষ্টাব্দ

অভিযোগনামা

যেহেতু, আপনি জনাব মো: আব্দুর রহমান, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (চলতি দায়িত্ব), ভুরুঞ্জামারী, কুড়িগ্রাম, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বোর্ড, দিনাজপুর-এর অধীনে অনুষ্ঠিত-২০২২ সালের এস.এস.সি পরীক্ষায় কুড়িগ্রাম জেলার ভুরুঞ্জামারী উপজেলাধীন ভুরুঞ্জামারী নেহাল উদ্দিন পাইলট বালিকা উচ্চ বিদ্যালয়ের পরীক্ষা কেন্দ্রের ট্যাগ অফিসার হিসেবে দায়িত্ব পালন কালে ১৩/০৬/২০২২ তারিখে আপনার উপস্থিতিতে প্রশ্নপত্র সোটিং করার সময় প্রশ্নপত্র সরিয়ে নেওয়ার অভিযোগ উত্থাপিত হয়েছে। এতে দায়িত্বপালনে আপনার বিরুদ্ধে চরম অবহেলা, উদাসিনতা ও গাফিলতির অভিযোগ জেলা শিক্ষা অফিসার, কুড়িগ্রাম কর্তৃক তদন্তে প্রমাণিত হয়েছে;

যেহেতু, প্রজাতন্ত্রের একজন দায়িত্বশীল সরকারি কর্মকর্তা হিসেবে আপনার উক্তরূপ কার্যকলাপ আচরণবিধি পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক “অসদাচরণ” এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ;

সেহেতু, উপর্যুক্ত অপরাধে আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক “অসদাচরণ”এর অভিযোগে অভিযুক্ত করা হলো। একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী কেন আপনার উপর “চাকরি হতে বরখাস্তকরণ” অথবা অন্য কোন উপযুক্ত দন্ড প্রদান করা হবে না তা এ অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য বলা হলো। আত্মপক্ষ সমর্থনে আপনি ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণের ইচ্ছা পোষণ করেন কিনা তাও নির্ধারিত সময়ের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য অনুরোধ করা হলো। যে অভিযোগ বিবরণীর উপর ভিত্তি করে এ অভিযোগনামা প্রণীত হয়েছে তা এ সাথে সংযুক্ত করা হলো।


(সোলেমান খান)
সচিব

সংযুক্তি: অভিযোগবিবরণী।

বর্তমান কর্মস্থল:

জনাব মো: আব্দুর রহমান

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (চলতি দায়িত্ব), ভুরুঞ্জামারী, কুড়িগ্রাম।

স্থায়ী ঠিকানা:

জনাব মো: আব্দুর রহমান

পিতা: আইন উদ্দীন আহমেদ

গ্রাম: লাহিড়ী বাজার, ডাকঘর: লাহিড়ী হাট, উপজেলা: বালিয়াডাঙ্গী, জেলা: ঠাকুরগাঁও।

অনুলিপি:


১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

অভিযোগবিবরণী

জনাব মো: আব্দুর রহমান, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (চলতি দায়িত্ব), ভুরুজামারী, কুড়িগ্রাম এর বিরুদ্ধে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বোর্ড, দিনাজপুর-এর অধীনে অনুষ্ঠিত-২০২২ সালের এস.এস.সি পরীক্ষায় কুড়িগ্রাম জেলার ভুরুজামারী উপজেলাধীন ভুরুজামারী নেহাল উদ্দিন পাইলট বালিকা উচ্চ বিদ্যালয়ের পরীক্ষা কেন্দ্রের ট্যাগ অফিসার হিসেবে দায়িত্ব পালন কালে ১৩/০৬/২০২২ তারিখে আপনার উপস্থিতিতে প্রশ্নপত্র সোর্টিং করার সময় প্রশ্নপত্র সরিয়ে নেওয়ার অভিযোগ উত্থাপিত হয়েছে। এতে দায়িত্বপালনে আপনার বিরুদ্ধে চরম অবহেলা, উদাসিনতা ও গাফিলতির অভিযোগ জেলা শিক্ষা অফিসার, কুড়িগ্রাম কর্তৃক তদন্তে প্রমাণিত;

জনাব মো: আব্দুর রহমান, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (চলতি দায়িত্ব), ভুরুজামারী, কুড়িগ্রাম এর বিরুদ্ধে এর উক্তরূপ কার্যকলাপ আচরণবিধি পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক “অসদাচরণ” এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ।


(সোলেমান খান)
সচিব